ঝিনাইদহে অমিতাভ সাহা হত্যা মামলার আসামি গ্রেফতার

ঝিনাইদহের আলোচিত অমিতাভ সাহা হত্যা মামলার এজাহার নামীয় প্রধান আসামী রাজলু হোসেন ওরফে রাজুকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল রবিবার মেহেরপুর জেলার ভারতীয় সীমান্ত থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত রাজলু সদর উপজেলার হাটগোপালপুর এলাকার মুনাব্বর হোসেনের ছেলে।

এ নিয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করেন ঝিনাইদহের ভারপ্রাপ্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, গত ৩ সেপ্টেম্বর শহরের ধোপাঘাটা ব্রীজ এলাকা থেকে অমিতাভ সাহা নামের এক যুবককের অর্ধগলিত বস্তাবন্দি মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় নিহতের স্ত্রী দাবীকৃত তিশা নন্দী বাদী হয়ে রাজলু হোসেন ওরফে রাজুকে প্রধান আসামী করে সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। এ হত্যাকাণ্ড নিয়ে গণমাধ্যমে সংবাদ প্রচার হলে দেশজুড়ে ব্যাপক আলোচনা সমালোচনা শুরু হয়। এরই প্রেক্ষিতে পুলিশের একাধিক টিম হত্যাকাণ্ডের রহস্য উদঘাটন ও আসামীদের ধরতে অভিযান শুরু করে। গতকাল রাতে মেহেরপুরের ভারতীয় সীমান্ত থেকে আসামী রাজুকে গ্রেফতার করা হয়। তবে মামলার অধিকতর তদন্তের স্বার্থে হত্যাকাণ্ডের রহস্য এখনি বলা যাচ্ছে না।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা, জেলা গোয়েন্দা পুলিশের ওসি শাহীন উদ্দিনসহ জেলা পুলিশের বিভিন্ন ইউনিটের কর্মকর্তাবৃন্দ।